

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড,
আহ্লাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ২৬/২০২৩
সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

তারিখঃ ৩০/০৪/২০২৩খ্রিঃ

৩৬তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ১৪/০৫/২০২৩খ্রিঃ (রবিবার) বিকাল ৩:০০ ঘটিকায় এসোসিয়েশনের ৩৬তম বার্ষিক সাধারণ সভা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, চট্টগ্রাম কেন্দ্র, এস এস খালেদ রোড, চট্টগ্রাম এ অনুষ্ঠিত হবে।

উক্ত বার্ষিক সাধারণ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সম্মানিত সদস্যবৃন্দকে অনুরোধ জানানো যাচ্ছে।

আলোচ্যসূচী :

- ০১। ১৬/০৫/২০২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৩৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।
- ০২। সাধারণ সম্পাদক কর্তৃক ২০২২খ্রিঃ সালের প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন।
- ০৩। এসোসিয়েশনের ২০২২ খ্রিঃ সালের অডিট প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন।
- ০৪। এসোসিয়েশনের ২০২৩ খ্রিঃ সালের প্রস্তাবিত বাজেট অনুমোদন।
- ০৫। অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষা কমিটি গঠন।
- ০৬। এসোসিয়েশনের ২০২৩খ্রিঃ সালের হিসাব নিরীক্ষার জন্য অডিটর নিয়োগ ও তাঁদের সম্মানী নির্ধারণ।
- ০৭। এসোসিয়েশনের টেন্ডার নীতিমালা সংশোধনী প্রস্তাব আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ০৮। কল্যাণ তহবিলের মরণোত্তর টাকা চার লক্ষ টাকা হতে বৃদ্ধি করে পাঁচ লক্ষ টাকা নির্ধারণ প্রসঙ্গে।
- ০৯। এসোসিয়েশনের দ্বিতীয় প্রজেক্ট নির্মাণ বিষয়ে গৃহীত কার্যক্রম প্রসঙ্গে।
- ১০। এসোসিয়েশনের আর্থিক বিধিমালা সংশোধন, সংযোজন ও বিয়োজন সংক্রান্ত প্রস্তাব অনুমোদন।
- ১১। বিবিধ (সভাপতির অনুমতিক্রমে)।

বিঃ দ্রঃ- সভায় অংশগ্রহণের জন্য ব্যক্তি মালিকানা প্রতিষ্ঠানের ক্ষেত্রে কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট /পরিচয় পত্র আনতে হবে। অংশিদারী প্রতিষ্ঠান ও লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশিদার নিজে অংশগ্রহণ করলে তাঁর কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট ও পরিচয় পত্র এবং পরিচালক, অংশিদার অংশগ্রহণ করলে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশিদার হতে প্রতিষ্ঠানের লেটার হ্যাডে প্রাধিকার পত্র আনতে হবে। সভায় কোন বিষয়ে মতামতের সংখ্যাধিক্য নির্ণয়ের প্রয়োজন হলে উক্ত দলিলাদি প্রয়োজন হবে।



এ, কে, এম, আকতার হোসেন
সভাপতি



কাজী মাহমুদ ইমাম (বিশ্ব)
সাধারণ সম্পাদক